# পদ্মা সেতুর মাওয়া প্রান্তে বাস দুর্ঘটনায় নারী-শিশুসহ আহত ৮




ছবি: সংগৃহীত

পদ্মা সেতুর মাওয়া প্রান্তের সংযোগ সড়কে নিয়ন্ত্রণ হারিয়ে একটি যাত্রীবাহী বাস উল্টে গেছে। এ ঘটনায় নারী ও শিশুসহ অন্তত আটজন যাত্রী আহত হয়েছেন।

সোমবার (৩১ আগস্ট) দুপুর ১টা ৩৭ মিনিটের দিকে দুর্ঘটনাটি ঘটে। মাগুরা থেকে ঢাকাগামী 'নিউ গ্রীন লাইন এক্সপ্রেস' নামের বাসটি মাওয়া প্রান্তের ঢালে পৌঁছানোর পর এ দুর্ঘটনা ঘটে।

ফায়ার সার্ভিস জানায়, দ্রুতগতিতে চলার সময় বাসটির চালক নিয়ন্ত্রণ হারান। পরে বাসটি সড়কের পাশের রেলিংয়ে ধাক্কা খেয়ে মহাসড়কের ওপর উল্টে যায়। এতে বাসের ভেতরে থাকা কয়েকজন যাত্রী আহত হন।

খবর পেয়ে শ্রীনগর ফায়ার স্টেশনের দুটি উদ্ধারকারী দল ঘটনাস্থলে যায়। উদ্ধারকর্মীরা দুর্ঘটনাকবলিত বাস থেকে আহত ও আটকে পড়া যাত্রীদের বের করে আনেন। পরে ফায়ার সার্ভিসের অ্যাম্বুলেন্সে তাদের শ্রীনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়।

LENS ASIA

মুন্সিগঞ্জ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের উপসহকারী পরিচালক মুহাম্মদ সফিকুল ইসলাম বলেন, দ্রুত উদ্ধার অভিযান চালানোয় আহতদের অল্প সময়ের মধ্যেই হাসপাতালে পাঠানো সম্ভব হয়েছে। আহতদের মধ্যে নারী ও শিশু রয়েছে।

পরে দুর্ঘটনাকবলিত বাসটি মহাসড়ক থেকে সরিয়ে নেওয়া হলে ওই সড়কে যান চলাচল স্বাভাবিক হয়।